ইত্তেফাক

তারিখ ..12|7|87......
পৃষ্ঠা...... ৪ কলাম 4......



# রাজশাহী বোর্ডের এস,এস,সি পরীক্ষার ফল প্রকাশ

রাজশাহী, ১১ই জুলাই (বাসস)—আজ রাজশাহী বোর্ডের এস, এস, সি পরীক্ষার ফল প্রকাশিত হইয়াছে। মোট ৪৩ হাজার ৮২৩ জন পরীক্ষার্থীর মধ্যে ২৫ হাজার ২৫১ জন উত্তীর্ণ হইয়াছে। পাসের হার শতকরা ৫৭ দশমিক ৮৫। প্রথম বিভাগে উত্তীর্ণ হইয়াছে ২ হাজার ২ শত ২১ জন। দ্বিতীয় বিভাগে ৯ হাজার ৫ শত ৫৭ জন এবং তৃতীয় বিভাগে ১৩ হাজার ৫ শত ৭৩ জন উত্তীর্ণ হইয়াছে।

সম্মিলিত মেধা তালিকায় রাজশাহী ক্যাডেট কলেজের মোঃ আব্দুল মোকাদ্দেম প্রথম নওগাঁ সরকারী উচ্চ বিদ্যালয় আবু আশফাক শহীদ দ্বিতীয় এবং রাজশাহী ক্যাডেট কলেজের মোহাম্মদ জাহিদ হোসেন তৃতীয় স্থান অধিকার করিয়াছে।